

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
আন্তর্জাতিক সংস্থাসমূহ শাখা  
ঢাকা

নং-১৯.০০.০০০০.২২৫.৩১.২২৪.১৭-২২১

২৫ এপ্রিল ২০১৭


প্রেরকঃ মোছাঃ মীর নূরানী রূপমা  
সহকারী সচিব (আন্তর্জাতিক সংস্থাসমূহ)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

প্রাপকঃ জনাব ইকবাল আহমেদ  
পরিচালক (এফএসও)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

বিষয়ঃ আগামী ৩০ এপ্রিল-০২ মে ২০১৭ তারিখে জেদ্দায় অনুষ্ঠিতব্য ওআইসি পররাষ্ট্র মন্ত্রীগণের ৪৪তম কাউন্সিল-এর প্রস্তুতিমূলক উর্ধ্বতন কর্মকর্তাগণের সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য সরকারি অনুমোদন জ্ঞাপন।

নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে আগামী ৩০ এপ্রিল-০২ মে ২০১৭ তারিখে জেদ্দায় অনুষ্ঠিতব্য ওআইসি পররাষ্ট্র মন্ত্রীগণের ৪৪তম কাউন্সিল-এর প্রস্তুতিমূলক উর্ধ্বতন কর্মকর্তাগণের সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য সরকারি অনুমোদন জ্ঞাপন করছে:

- ০১। উপর্যুক্ত সভায় যোগদানের জন্য আপনি আগামী ২৯ এপ্রিল ২০১৭ অথবা এর নিকটবর্তী তারিখে জেদ্দার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং সভা সমাপনান্তে আগামী ০৪ মে ২০১৭ অথবা এর নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন;
- ০২। বর্ণিত সভায় আপনার অংশগ্রহণ সরকারি কাজে কর্তব্যরত হিসেবে গণ্য হবে;
- ০৩। সভায় যোগদানকালীন আপনি বেতন-ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- ০৪। আলোচ্য সভায় অংশগ্রহণের জন্য প্রযোজ্য আনুষঙ্গিক ব্যয় এ মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট বরাদ্দের ৩-১৮০১-০০০১-৪৮০১ খাত ও উপখাত হতে মেটানো হবে;
- ০৫। এ ভ্রমণে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


  
(মোছাঃ মীর নূরানী রূপমা)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৫৬৭১২

নং-১৯.০০.০০০০.২২৫.৩১.২২৪.১৭-২২১

২৫ এপ্রিল ২০১৭

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ০১। মহাপরিচালক (আন্তর্জাতিক সংস্থাসমূহ/প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
- ০২। পরিচালক (অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
- ০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম-১২ তলা সরকারি ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা;
- ০৪। সহকারী সচিব (কনস্যুলার/আইসিটি/সাধারণ সেবা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

  
(মোছাঃ মীর নূরানী রূপমা)  
সহকারী সচিব